

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.২১. ২৬০

তারিখ:

২১ আশ্বিন ১৪২৮
০৭ অক্টোবর ২০২১

অভিযোগনামা

আপনি জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


যেহেতু, আপনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১২-১০-২০১৭ খ্রিষ্টাব্দের ৩৭.০০.০০০০.০৬৯.০০৮.০৮৪.২০১৭-১০৭৭ নং স্মারক মোতাবেক স্ত্রী ও সন্তানদের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ৯০ (নব্বই) দিন ছুটি নিয়ে ১৭-১০-২০১৭ খ্রিষ্টাব্দে কানাডায় গমন করেন।

যেহেতু, আপনি ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও ১৭-০১-২০১৮ তারিখ হতে ০৯-১২-২০১৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২২ (বাইশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত অভিযোগ (শৃঙ্খলা ও আপীল) বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১)(খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

স্থায়ী ঠিকানা:

জনাব সুরজিৎ রায় মজুমদার
বাড়ী নং-১৫৯/৩, উত্তর শ্যামলী, রোড নং-০২
আগারগাঁও, ডাকঘর- শেরেবাংলা নগর
থানা- মোহাম্মদপুর, জেলা-ঢাকা।

বর্তমান কর্মস্থল:

কানাইমারী উত্তর, ডাকঘর-শেলবুনিয়া
থানা-মোংলা, জেলা-বাগেরহাট।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


অভিযোগবিবরণী

জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ নিম্নরূপ:

ক) তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১২-১০-২০১৭ খ্রিষ্টাব্দের ৩৭.০০.০০০০.০৬৯.০০৮.০৮৪.২০১৭-১০৭৭ নং স্মারক মোতাবেক স্ত্রী ও সন্তানদের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ৯০ (নব্বই) দিন ছুটি নিয়ে ১৭-১০-২০১৭ খ্রিষ্টাব্দে কানাডায় গমন করেন।

খ) তিনি ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও ১৭-০১-২০১৮ তারিখ হতে ০৯-১২-২০১৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২২ (বাইশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব